6


তারিখ JUL 22 1999

পৃষ্ঠা ৬ কলাম ২



দৈনিক সংবাদ


জা'নগর ভার্সিটি

# ছাত্রদলের দুই গ্রুপ প্রকাশ্য অবস্থানে

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ১৫ই জুলাই ঃ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে নতুন কমিটি গঠনকে কেন্দ্র করে জাতীয়তাবাদী ছাত্র-দলের দু'গ্রুপ এখন প্রকাশ্যে অবস্থান নিয়েছে।

গত ১৪ই জুলাই সম্মেলন প্রসঙ্গে অনুষ্ঠিত জরুরি সভায় দু'পক্ষের মধ্যে হাতাহাতি হয়। ছাত্রদলের অস্থানীয় গ্রুপের সদস্যরা সভাকক্ষ ছেড়ে বেরিয়ে যায় এবং বর্তমান ভারপ্রাপ্ত সভাপতি ও সাধারণ সম্পাদকের প্রতি অনাস্থা প্রকাশ করে। এ প্রসঙ্গে দু'গ্রুপ থেকে দু'টি প্রেস বিজ্ঞপ্তি দেয়া হয়েছে।

ছাত্রদল জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শাখার প্রচার সম্পাদকের সই করা প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয় 'প্রায় দু'বছর আগে জাঃ বিঃ শাখার ছাত্রদলের কমিটি গঠিত হয়। এরপর দীর্ঘদিন আর কোন কমিটি হয়নি। ইতোমধ্যে বর্তমান ভারপ্রাপ্ত সভাপতি ইলিম মুহম্মদ নাজমুল হোসেন এবং সাধারণ সম্পাদক আবদুর রহমান বাবুল বিশ্ববিদ্যালয় শিক্ষাজীবন শেষ করেছেন। বার বার তাগাদা দেয়া সত্ত্বেও তারা নতুন কমিটি গঠনের উদ্যোগ নেননি। গত ১৪ই জুলাই অনুষ্ঠিত সভায়ও এ ব্যাপারে আলোচনায় অনীহা দেখালে সাধারণ ছাত্রদল কর্মীরা সভাকক্ষ ত্যাগ করে এবং অছাত্র নেতৃত্বের প্রতি অনাস্থা প্রকাশ করে।

সহপ্রচার সম্পাদক আশ্রাফুল আলম জুয়েল স্বাক্ষরিত অপর প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, গত ১৪ই জুলাই বর্তমান ভারপ্রাপ্ত সভাপতির সভাপতিত্বে সম্মেলন প্রসঙ্গে আলোচনা হয়েছে।